গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
http//:bagatipara.natore.gov.bd/

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.০২.০১৫.২০. ২৬

তারিখ: ২৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর ১৯ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দের ৫২.০১.০০০০.৪০৯.৪০.০৬২.১৯-০৯৪ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর আওতায় মাঠ পর্যায়ে সম্পাদিতব্য তথ্য সংগ্রহ কার্যক্রমে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গ্রামওয়ারী (পৌরসভার ক্ষেত্রে মহল্লা) 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' নির্বাচনের নিমিত্ত কেবল নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলাধীন ০৫(পাঁচ)টি ইউনিয়ন ও বাগাতিপাড়া পৌরসভার সকল ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাসরত শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**আবেদনের শর্তাবলি :**

১. আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা/বর্তমান ঠিকানা , জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) আবেদন ফরমে স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে;

২. তালিকাকারী/গণনাকারীর ন্যূনতম যোগ্যতা হবে উচ্চ মাধ্যমিক পাশ বা সমমান, সুপারভাইজারকে উচ্চ মাধ্যমিক পাশ বা সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরণসাপেক্ষে অগ্রাধিকার পাবেন। বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন;

৩. ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সঙ্গে লেখা সঙ্গতিপূর্ণ হতে হবে;

৪. খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে প্রত্যেক তালিকাকারী/গণনাকারী ১০ (দশ) দিনে কমবেশি ৪০০ (চারশত) খানার তালিকা করবেন, মূল শুমারিতে ০৭ (সাত) দিনে কমবেশি ১২০ (একশত বিশ) খানার তথ্য সংগ্রহ করবেন এবং একজন সুপারভাইজার কমপক্ষে ৫-৬ জন তালিকাকারী/গণনাকারীর তদারকির দায়িত্ব পালন করবেন;

৫. প্রকল্পের আওতায় খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল অ্যাপস্ ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করা হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণকেই এ কার্যক্রমে নিয়োজিত করা হবে। স্মার্টফোনের ক্ষেত্রে অ্যান্ড্রয়েড ভার্সন ৬ বা তদূর্ধ্ব এবং স্ক্রিন সাইজ অন্তত ৫″ (পাঁচ ইঞ্চি) পরিমাণ হতে হবে;

৬. মহিলা প্রার্থীগণকে অন্যান্য যোগ্যতা পূরণসাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। উল্লেখ্য যে, যোগ্য বেকার যুব মহিলা প্রার্থী না পাওয়া সাপেক্ষে যোগ্য বেকার যুবক প্রার্থীদের নিয়োগ প্রদান করা হবে;

৭. শুমারির যেকোনো পর্যায়ের কার্যক্রম চলাকালীন প্রার্থী নিজেকে অন্য কোনো কর্মে নিযুক্ত করতে পারবেন না;

৮. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে। এক্ষেত্রে তার পরিবর্তে অপেক্ষমাণ তালিকা থেকে নিয়োগ করা হবে;

৯. তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণ প্রকল্পের সংস্থান অনুযায়ী মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কাজের জন্য মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পারিশ্রমিক প্রাপ্ত হবেন;

১১. আবেদন ফরমের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে-
(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি, (খ) জাতীয় পরিচয়পত্রের ০১ (এক) কপি, (গ) জন্ম নিবন্ধন সনদের (অনলাইনে প্রস্তুতকৃত) ০১ (এক) কপি, (ঘ) নাগরিকত্ব সনদের ০১ (এক) কপি, (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ- ০১ (এক) কপি করে, (চ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার প্রমাণপত্রের ০১ (এক) কপি;

১০. প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিজস্ব স্মার্টফোন এবং সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে;

১১. প্রার্থীকে প্রয়োজনে নিজের গ্রাম/মহল্লা ব্যতিরেকে অন্য গ্রাম/মহল্লায় সরেজমিন তথ্য সংগ্রহ করার মানসিকতা থাকতে হবে;

১২. ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে এবং একজন প্রার্থী কেবল একটি পদে আবেদন করতে পারবেন;

১৩. খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে নিয়োজিতব্য শুমারিকর্মীগণ মূল শুমারিতেও শুমারিকর্মী হিসেবে দায়িত্ব পালন করবেন;

১৪. (www.bagatipara.natore.gov.bd) এবং (www.bbs.bagatipara.natore.gov.bd) ওয়েবসাইটসমূহ হতে ডাউনলোডের মাধ্যমে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম নিম্নস্বাক্ষরকারীর দপ্তর/উপজেলা পরিসংখ্যান কার্যালয়/সকল ইউনিয়ন পরিষদ/বাগাতিপাড়া পৌরসভা কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর থেকেও সংগ্রহ করা যাবে।

১৫. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নির্বাচন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

উপর্যুক্ত শর্তাবলি পূরণসাপেক্ষে আবেদনের নির্ধারিত ফরম খামে ভরে আগামী ২১ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এ সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন পৌঁছাতে হবে। খামের উপর ডানপাশে পদের নাম এবং নিজ ইউনিয়নের নাম (পৌরসভার ক্ষেত্রে নিজ ওয়ার্ডের নম্বর) উল্লেখ করে দিতে হবে। আবেদন ফরম জমাদানের নির্ধারিত তারিখ ও সময়ের পরে আর কোনোভাবেই আবেদন গ্রহণ করা হবে না। উল্লেখ্য, নির্বাচনী পরীক্ষার স্থান, তারিখ এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্য যথাসময়ে (www.bagatipara.natore.gov.bd) এবং (www.bbs.bagatipara.natore.gov.bd) ওয়েবসাইটসমূহে প্রকাশ করা হবে, ডাকযোগে কোনো কিছু জানানো হবে না। যথাসময়ে নির্বাচিত/অপেক্ষমাণ প্রার্থীগণের ইউনিয়নভিত্তিক তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগাতিপাড়া, নাটোরের নোটিশ বোর্ড এবং (www.bagatipara.natore.gov.bd) ও (www.bbs.bagatipara.natore.gov.bd) ওয়েবসাইটসমূহে প্রকাশ করা হবে।

১২/০১/২০২০

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর শুমারীকর্মী নির্বাচন কমিটি
বাগাতিপাড়া, নাটোর।
ফোন নং - ০৭৭২২-৭২০০১
ইমেইল : unobagatipara@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.০২.০১৫.২০. ২৮ (৩৭)

তারিখ : ২৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ / ১২ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
২. জেলা প্রশাসক, নাটোর।
৩. প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৪. উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, নাটোর।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
৬. মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, নাটোর।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৮. উপজেলা শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৯. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
১০. উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
১১. উপজেলা পরিসংখ্যান অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
১২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগাতিপাড়া, নাটোর। (তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. চেয়ারম্যান, পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড় দিয়াড় ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
১৪. অফিস কপি।

১২/০১/২০২০

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর শুমারীকর্মী নির্বাচন কমিটি
বাগাতিপাড়া, নাটোর।
ফোন নং - ০৭৭২২-৭২০০১
ইমেইল : unobagatipara@mopa.gov.bd